Department of Education

চ্যান্সেলরের প্রবিধান

নম্বর: **A-413**

বিষয়: স্কুলে সেল ফোন এবং অন্যান্য ইলেক্ট্রনিক যন্ত্রপাতির ব্যবহার

শ্রেণী বিভাগ: শিক্ষার্থী

ইস্যুর তারিখ: 26 ফেব্রুয়ারি, 2015

**সার-সংক্ষেপ**

এটি একটি নতুন প্রবিধান। এটি ডিপার্টমেন্ট অব এডুকেশনের (“DOE”)নিচে উল্লিখিত সরঞ্জাম ধারণ এবং ব্যবহারের নীতি প্রতিষ্ঠিত করে: 1) সেল ফোন; 2) ল্যাপটপ, ট্যাবলেট, আইপ্যাড এবং অন্যান্য একই রকম কম্পিউটিং যন্ত্রপাতি (“কমপিউটিং ডিভাইস”); এবং 3) স্কুলে বহনযোগ্য (পোর্টেবল) মিউজিক এবং বিনোদনের সিস্টেম। স্কুলে সেল ফোন, কমপিউটিং যন্ত্রপাতি, এবং বহনযোগ্য মিউজিক এবং বিনোদনের বিভিন্ন সিস্টেম সাথে থাকা অনুমোদিত। এই ধরনের জিনিসের ব্যবহার সম্পর্কে প্রতিটি স্কুল অবশ্যই এই প্রবিধানের সাথে সামঞ্জস্য রেখে একটি স্কুল-ভিত্তিক নীতি তৈরি করবে। এই প্রবিধান 11/8/06 তারিখযুক্ত চ্যান্সেলরের প্রবিধান A-412-এর সেকশন V(D), V(E), V(F) এবং সংযুক্তি A-কে রহিত এবং স্থলাভিষিক্ত করে।

## I. DOE-র নীতি

A. শিক্ষার্থীদের নিচে উল্লিখিত ইলেক্ট্রনিক সামগ্রী স্কুলে আনার অনুমোদন রয়েছে: 1) সেল ফোন; 2) ল্যাপটপ, ট্যাবলেট, আইপ্যাড এবং অন্যান্য একই রকম কম্পিউটিং যন্ত্রপাতি ("কমপিউটিং ডিভাইস"); এবং 3) বহনযোগ্য মিউজিক এবং বিনোদনের সিস্টেম (যেমন আইপড, MP3 প্লেয়ার্স, PSP এবং নিনটেনডো DS)।[1]

B. সেল ফোন এবং বহনযোগ্য মিউজিক এবং বিনোদনের যন্ত্রপাতি কোন স্কুল কুইজ, টেস্ট অথবা পরীক্ষার সময় ব্যবহার বা বাজানো যাবে না।[2]

C. স্কুল কর্তৃক স্পষ্টভাবে অনুমোদিত অথবা কোন ব্যক্তিক (ইন্ডিভিজ্যুয়ালাইজড্) এডুকেশনাল প্রোগ্রামে অন্তর্ভুক্ত বা সেকশন 504-এর বিশেষ সুবিধা পরিকল্পনায় না থাকলে স্কুল কুইজ, টেস্ট অথবা পরীক্ষার সময় কোন কমপিউটিং যন্ত্রপাতি চালানো অথবা ব্যবহার করা যাবে না।

D. স্কুলে ফায়ার ড্রিল অথবা অন্য কোন জরুরি প্রস্তুতির মহড়া চলাকালেও সেল ফোন, কমপিউটিং যন্ত্রপাতি এবং বহনযোগ্য মিউজিক এবং বিনোদনের সিস্টেম চালানো বা ব্যবহার করা যাবে না।

E. সেল ফোন, কমপিউটিং ডিভাইস, এবং বহনযোগ্য মিউজিক ও এন্টারটেইনমেন্ট সিস্টেম লকার রুম অথবা বাথরুমেও ব্যবহার করা যাবে না।

## II. স্কুল-ভিত্তিক লিখিত বিধি নিষেধ প্রতিষ্ঠা

A. প্রিন্সিপ্যালগণ অবশ্যই এই প্রবিধানের সাথে সামঞ্জস্যপূর্ণভাবে সেল ফোন, কমপিউটিং যন্ত্রপাতি, বহনযোগ্য মিউজিক এবং বিনোদন সিস্টেম ব্যবহার সম্পর্কিত স্কুল-ভিত্তিক নীতিমালা তৈরি করবেন এবং যেখানে নির্ধারিত থাকবে:

1. কোন পরিস্থিতিতে স্কুলে সেল ফোন, কমপিউটিং যন্ত্রপাতি, এবং বহনযোগ্য মিউজিক এবং বিনোদনের সিস্টেম ব্যবহার করা যাবে; এবং
2. এই ধরনের সরঞ্জাম বাজেয়াপ্তকরণ, রক্ষণাবেক্ষণ এবং ফিরিয়ে দেবার প্রক্রিয়া।

B. স্কুল-ভিত্তিক নীতি তৈরিতে প্রিন্সিপ্যালগণ অবশ্যই স্কুল লিডারশিপ নেতৃত্বের ("SLT")-এর সাথে পরামর্শ করবেন।

C. এছাড়াও, যেসব স্কুল ক্যাম্পাসের মাঝে অবস্থিত, তাদের বিল্ডিং কাউন্সিল যৌথভাবে শেয়ার করা স্থানে যেমন অডিটরিয়াম, হলওয়ে, এবং ক্যাফেটেরিয়ায় এইসব সরঞ্জাম ব্যবহারের জন্য অবশ্যই একটি লিখিত নীতি প্রণয়ন করবে।[3]

---

[1] এই প্রবিধান চ্যান্সেলরের প্রবিধান A-412-এর সেকশন V(D), V(E), এবং V(F) এবং সংযুক্তি A-কে রহিত এবং স্থলাভিষিক্ত করে।

[2] স্টেট এডুকেশন ডিপার্টমেন্টের নিয়মকানুন দ্বারা স্টেট স্ট্যান্ডার্ডাইজড্ পরীক্ষা অনুষ্ঠিত হবার সময় সেল ফোন, কম্পিউটিং যন্ত্রপাতি, বহনযোগ্য মিউজিক ও বিনোদন সিস্টেম এবং অন্য ইলেক্ট্রনিক যন্ত্রপাতির ব্যবহারের নীতি পরিচালিত হয়।

[3] একটি ক্যাম্পাসের প্রত্যেকটি স্কুলের ক্যাম্পাস নীতি সংক্রান্ত বিষয়ে একটি ভোট দেয়াড় অধিকার থাকবে। সংখ্যাগরিষ্ঠ ভোটের মাধ্যমে সিদ্ধান্ত হবে। কোনো ক্ষেত্রে ভোট সমান সমান হলে, বিল্ডিং কাউন্সিল অবশ্যই ক্যাম্পাস গভার্ননেন্স অফিসের সাথে যোগাযোগ করবে, যা তখন চুড়ান্ত সিদ্ধান্ত নেবে।

D. 2014-2015 স্কুল বছরের সকল স্কুল-ভিত্তিক নীতি অবশ্যই 2 মার্চ, 2015 তারিখের মধ্যে এবং এরপর প্রতিবছর 31 অক্টোবরের মধ্যে গৃহীত হতে হবে।

E. 2014-2015 শিক্ষা বর্ষের জন্য, যদি স্কুল-ভিত্তিক নীতি 2 মার্চ, 2015 তারিখের মধ্যে গ্রহণ না করা হয়, তবে প্রিন্সিপ্যালকে অবশ্যই যে কোন একটি উল্লিখিত অন্তর্বর্তীকালিন নীতি 2 মার্চ, 2015 তারিখের মধ্যে প্রতিষ্ঠা করবেন এবং তা অবশ্যই শিক্ষার্থী, পিতামাতা এবং স্টাফদের মাঝে প্রচার করতে হবে 1 এপ্রিল, 2015 তারিখের মধ্যে, যা নিম্নলিখিত সেকশন III A এবং III B-তে উল্লেখ করা হয়েছে:

1. শিক্ষার্থীরা স্কুলে সেল ফোন, কমপিউটিং সরঞ্জাম, এবং বহনযোগ্য মিউজিক এবং বিনোদন যন্ত্রপাতি আনতে পারবে, কিন্তু সেগুলি তারা স্কুলে চালাতে অথবা ব্যবহার করতে পারবে না; অথবা
2. তারা ঐসব যন্ত্র স্কুলে আনতে পারে, কিন্তু স্কুল বিল্ডিংয়ে প্রবেশের পর সেগুলি স্কুল কর্তৃক তাদের কাছ থেকে নিয়ে নেয়া হতে পারে এবং স্কুল দিবসের শেষ পর্যন্ত তা কোন নির্দিষ্ট স্থানে সংরক্ষিত রাখা হতে পারে। শিক্ষার্থীরা স্কুলে কমপিউটিং সরঞ্জাম, এবং বহনযোগ্য মিউজিক এবং বিনোদন যন্ত্রপাতি আনতে পারবে, কিন্তু সেগুলি স্কুলে চালাতে অথবা ব্যবহার করতে নাও দেয়া হতে পারে।

F. 2015-2016 স্কুল বছর থেকে শুরু করে প্রতি বছর 31 অক্টোবরের মধ্যে, প্রতিটি স্কুল অবশ্যই এই মর্মে তার কনসলিডেটেড স্কুল এবং ইয়ুথ ডেভেলপমেন্ট প্ল্যান সার্টিফাই করাবে যে, তারা স্কুল সম্পত্তির মধ্যে সেল ফোন, কমপিউটিং সরঞ্জাম, এবং বহনযোগ্য মিউজিক এবং বিনোদনমূলক যন্ত্রের ব্যবহার সম্পর্কিত একটি নীতি গ্রহণ করেছে এবং সেই নীতিটির বিষয়ে শিক্ষার্থী, পিতামাতা, এবং স্কুল কর্মীদেরকে অবহিত করেছে।

## III. স্কুল-ভিত্তিক বিধি নিষেধ প্রচার

A. প্রতিটি স্কুল অবশ্যই এই প্রবিধান এবং স্কুল নীতি সম্পর্কে লিখিতভাবে প্রতিবছর 31 অক্টোবরের মধ্যে শিক্ষার্থী, পিতামাতা এবং কর্মীদেরকে জানাবে। শুধুমাত্র 2014-2015 স্কুল বছরের জন্য, এই বিজ্ঞপ্তি অবশ্যই 1 এপ্রিল, 2015 তারিখের মধ্যে দিতে হবে।

B. প্রতিটি স্কুল অবশ্যই এই প্রবিধান এবং স্কুল নীতি অবহিতকরণ সম্পর্কে 31 অক্টোবরের মধ্যে স্কুল কর্মী এবং শিক্ষার্থীদের জন্য একটি বার্ষিক পরিচিতি অনুষ্ঠান পরিচালনা করবে। শুধুমাত্র 2014-2015 স্কুল বছরের জন্য, এই দিকনির্দেশনা অবশ্যই 1 এপ্রিল, 2015 তারিখের মধ্যে প্রতিষ্ঠা করতে হবে।

C. প্রতিটি স্কুল তাদের ওয়েবসাইটে অবশ্যই এই নীতি সম্পর্কিত নোটিস পোস্ট করবে।

## IV. শিক্ষার্থী শৃঙ্খলা

যেসকল শিক্ষার্থী DOE-র শৃঙ্খলা বিধি, স্কুল নীতি, চ্যান্সেলরের প্রবিধান A-413, এবং/অথবা DOE-র গ্রহণযোগ্য ইন্টারনেট ব্যবহার এবং সুরক্ষা নীতি লঙ্ঘন করে সেলফোন, কম্পিউটিং সরঞ্জাম অথবা বহনযোগ্য মিউজিক এবং বিনোদন সিস্টেম ব্যবহার করে তারা শৃঙ্খলা বিধিতে নির্ধারিত গাইডেন্স মধ্যস্থতা এবং শৃঙ্খলাজনিত যেসব নিয়মনীতি রয়েছে সেই অনুযায়ী শৃঙ্খলা লঙ্ঘনের শাস্তি লাভ করবে।

## V. সেল ফোন, কম্পিউটিং সরঞ্জাম, এবং হাতে বহনযোগ্য মিউজিক এবং বিনোদন সিস্টেম বাজেয়াপ্তকরণ

কোন স্কুল যদি DOE-র শৃঙ্খলা বিধি, স্কুল নীতি, চ্যান্সেলরের প্রবিধান A-413 এবং/অথবা DOE-র IAUSP লঙ্ঘন করার করার কারণে কোন শিক্ষার্থীর সেল ফোন, কম্পিউটিং সরঞ্জাম, অথবা বহনযোগ্য মিউজিক অথবা বিনোদন সিস্টেম বাজেয়াপ্ত করে, তাহলে প্রিন্সিপ্যাল/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তি অবশ্যই শিক্ষার্থীর পিতামাতার সাথে যোগাযোগ করবেন। এই ধরনের সরঞ্জাম বাজেয়াপ্তকরণ এবং ফেরতদান অবশ্যই স্কুল নীতি অনুসারে হবে। (উপরোক্ত সেকশন II দেখুন।)

## VI. ছাড় প্রদান

চ্যান্সেলর স্কুল ব্যবস্থার বৃহত্তর স্বার্থে প্রয়োজন মনে করলে এই প্রবিধান অথবা এর যেকোন অংশ(সমূহ) ব্যবহার না করার অধিকার সংরক্ষণ করেন।

## VII. অনুসন্ধান

এই প্রবিধান সম্পর্কে সকল অনুসন্ধান নিচের ঠিকানায় প্রেরণ করতে হবে:

অফিস অভ সেফটি অ্যান্ড ইয়ুথ ডেভেলাপমেন্ট

N.Y.C. Department of Education

52 Chambers Street – Room 218

New York, NY 10007

ফোন: 212-374-4220

ফ্যাক্স: 212-374-5751